ঝিনাইদহে সনাতন ধর্মাবলম্বীদের শ্যামা পূজা অনুষ্ঠিত

ঝিনাইদহে উদযাপন করা হচ্ছে সনাতন ধর্মাবলম্বীদের অন্যতম বৃহৎ উৎসব শ্যামা পূজা। ঝিনাইদহ শহরের পুরাতন হাটখোলা শ্রী শ্রী সিদ্ধেশ্বরী জেলা কালীমন্দিরে রোববার সকাল ৯ টা দিকে এ পূজা শুরু করা হয়। এসময় প্রদীপ উজ্জ্বলন করেন শ্রী বাবু কনকান্তি দাস।

হিন্দু সম্প্রদায়ের দ্বিতীয় বৃহত্তম ধর্মীয় উৎসব এই পূজা। কার্তিক মাসের অমাবস্যা তিথিতে সাধারণত শ্যামা পূজা বা কালীপূজা অনুষ্ঠিত হয়ে থাকে। রোববার সকাল ৯ টা থেকে পূজা শুরু হয় রাত ৮ টা ১০ মিনিটে প্রদীপ প্রজ্জলন করা হয়। এছাড়া রাত ১২টা ৩০ মিনিটে পুষ্পা(পাঠা) বলি শুরু হয়। পরে ভক্তরা ফলসহ বিভিন্ন উপকরন দিয়ে নৈবেদ্য সাজিয়ে দেবীকে অর্পন করেন। এ সময় উলু ধ্বনি, শঙ্খ, ঘণ্টা ও ঢাকের আওয়াজে মুখোরিত হয়ে ওঠে মন্দির।

অনুষ্ঠানের প্রধান পৃষ্ঠপোষকতায় ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগ সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু।

এছাড়াও উপস্থিত ছিলেন জেলা প্রশাসক রফিকুল ইসলাম, পুলিশ সুপার আজিম উল আহসান, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আরতী দত্ত, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের যুব ক্রীড়া সম্পাদক মামুনুর রশিদ টোকন, মন্দিরের সভাপতি পঞ্চরস পোদ্দার, সাধারণ সম্পাদক দেবব্রত দেবুসহ আরো অনেকে ।

পূজার আয়োজক সভাপতি, ও সাধারণ সম্পাদক জানান, শ্যামাপূজা উপলক্ষে মন্দিরে স্থাপন করা হয়েছে কালী প্রতিমা। আলোক সজ্জা ও নাচ গানে উৎসবের আমেজ ছড়িয়ে পড়ছে মন্দিরে। প্রতিবছরের ন্যায় এবারও আয়োজন করা হয়েছে নানা আনুষ্ঠানিকতা।

পরিশেষে ভক্তদের মাঝে শাড়ি বিতরণ ও প্রসাদ বিতরণ করা হয়।